দৈনিক ইত্তেফাক ৭৭

তারিখ APR. 1 6 1999
পৃষ্ঠা ২৮ কলাম ৪

# ক্যাম্পাসে বখাটে তরুণদের উচ্ছৃংখলতা

আনোয়ার আলদীন ॥ বাংলা নববর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমগ্র ক্যাম্পাস জুড়িয়া মানুষের ঢল নামে। প্রাণবন্যার উচ্ছলতার মধ্যে একশ্রেণীর বখাটে তরুণের অশোভন আচরণ সমস্ত আনন্দকে ম্লান করিয়া দিয়াছে। চারুকলার গেটে এবং টিএসসিতে গায়ে গায়ে ভীড়ের সুযোগে দুপুরে এবং সন্ধ্যায় এই বিকৃত রুচির তরুণরা মেয়েদের লাঞ্ছিত করে। সন্ধ্যায় টিএসসি'র অভ্যন্তরে প্রবেশ গেটে ভীড়ের মধ্যে ৪/৫ জন তরুণ পাইকারী হারে মেয়েদের কাপড়-চোপড় ধরিয়া টানাহেঁচড়া করিয়াছে এবং শরীরে যথেচ্ছভাবে হাত দিয়াছে। সন্ধ্যা ৭টার দিকে একদল তরুণ টিএসসি'র গেটে কয়েকজন মেয়ের গায়ের কাপড়-চোপড় পর্যন্ত ছিঁড়িয়া ফেলে। এক তরুণীকে হাউমাউ করিয়া কাঁদিতে দেখা যায় এ সময়। তাহার সঙ্গে থাকা বন্ধুটির খুলিয়া দেওয়া গায়ের পাঞ্জাবীর আড়ালে তাহার লজ্জা ঢাকিতে হয়। এরকম বীভৎস দৃশ্য ১২টার দিকে চারুকলা এবং টিএসসি'র অভ্যন্তরে বেশ কয়েকটি ঘটিয়াছে। ভীড়ের কারণে পুলিশের কোথায়ও ঠাঁই ছিল না।

ক্যাম্পাসে পহেলা বৈশাখে ইতিপূর্বে এমন গায়ে গায়ে ভিড় দেখা যায় নাই। যানজটের মত রাত ৯টা পর্যন্ত সমগ্র ক্যাম্পাস এলাকায় ছিল মানুষজট।